গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
পরিকল্পনা-৩ শাখা
বাংলাদেশ সচিবালয় ঢাকা
www.mos.gov.bd

নথি নং-১৮.১২.০০০০.০২৯.১৪.০০১.১৮/৭৯ তারিখঃ ১০ মার্চ ২০১৯

বিষয়: "বিআইডব্লিউটিসি'র জন্য ২টি মিডিয়াম ফেরি নির্মাণ" শীর্ষক প্রকল্পের উপর অনুষ্ঠিতব্য আন্ত: মন্ত্রণালয় সভার কার্যবিবরনী প্রসঙ্গে।

সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ২৭-০৩-২০১৯ তারিখে ''বিআইডব্লিউটিসি'র ২টি মিডিয়াম ফেরি নির্মাণ'' শীর্ষক প্রকল্পের উপর অনুষ্ঠিতব্য আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরনী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ১ (এক) পৃষ্ঠা।

মোঃ আরিফুল ইসলাম ১০/৪/১৯
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ-৯৫৪৫৪৮৫

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) ঃ

১। সচিব জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃঃ আঃ মহা-পরিচালক, মনিটরিং সেল, অর্থ বিভাগ)।
৩। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা
৪। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
৫। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিববালয়, ঢাকা।
৬। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
(দৃঃ আঃ যুগ্ম-প্রধান, রেল পরিবহন উইং)।
৮। অতিরিক্ত সচিব (উন্নয়ন), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি, ফেয়ারলী হাউজ, শাহবাগ ঢাকা।
১২। চীফ প্যানিং ম্যানেজার, বিআইডব্লিউটিসি, ফেয়ারলী হাউজ, শাহবাগ ঢাকা।

অনুলিপি ঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (তাঁকে সভার কার্যবিবরনীটি ওয়েবসাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
৩। যুগ্ম-প্রধান মহোদয়ের ব্যাক্তিগত কর্মকর্তা।
৪। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহণ মন্ত্রণালয়
পরিকল্পনা-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ "বিআইডব্লিউটিসি'র জন্য ২ টি মিডিয়াম ফেরি নির্মাণ" শীর্ষক প্রকল্পের উপর অনুষ্ঠিতব্য আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরনী।

সভাপতিঃ মোঃ আবদুস সামাদ, সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
সময় ও তারিখঃ বিকাল ৩.০০ ঘটিকা, ২৭/৩/২০১৯ ইং
স্থানঃ নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতিঃ পরিশিষ্ট"ক"

২। আলোচনা:

২.১ সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। আলোচ্য প্রকল্পটির বিষয়ে উপস্থাপনের জন্য যুগ্ম প্রধানকে অনুরোধ করেন। যুগ্ম প্রধান বলেন, বিআইডব্লিউটিসি কর্তৃক নিজস্ব অর্থায়নে জানুয়ারি ২০১৯ হতে ডিসেম্বর ২০২০ মেয়াদে বাস্তবায়নের জন্য ২৪৯৫.২৬ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্প প্রস্তাব করা হয়েছে। সংস্থা কর্তৃক প্রকল্পটি বাস্তবায়নের জন্য চাহিত সময়ের মধ্যে ৩ মাস অতিবাহিত হয়েছে বিধায় প্রকল্পটি সুষ্ঠু বাস্তবায়নের স্বার্থে ডিসেম্বর ২০২০ এর পরিবর্তে জুন ২০২১ পর্যন্ত বাস্তবায়নকাল নির্ধারণ করা যায়। পরিকল্পনা পরিপত্র অনুযায়ী নিজস্ব অর্থায়নভুক্ত প্রকল্প প্রক্রিয়াকরণের জন্য অর্থমন্ত্রণালয়ের মনিটরিং সেল, পরিকল্পনা কমিশন, পরিবেশ বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, জনপ্রশাসন মন্ত্রণালয় ও জাতীয় রাজস্ব বোর্ডের মতামত প্রয়োজন হয়। বর্ণিত মন্ত্রণালয়গুলোতে মতামত চাওয়া হলে অর্থমন্ত্রণালয়ের মনিটরিং সেল এর লিকুইডিটি সার্টিফিকেট, পরিকল্পনা কমিশন এবং পরিবেশ বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় হতে মতামত পাওয়া গিয়েছে। বিআইডব্লিউটিসি হতে সভাকে জানানো হয়, প্রকল্পের মাধ্যমে প্রস্তাবিত ফেরি দুটি মানিকগঞ্জ-পাবনা ও ভোলা- লক্ষীপুরের মধ্যে চলাচল করবে। এতে সংস্থার ফেরি সার্ভিসের সক্ষমতা বৃদ্ধির পাশাপাশি ভিশন ২০২১ অর্জনের চ্যালেঞ্জ মোকাবেলার মাধ্যমে সংস্থার রাজস্ব বৃদ্ধি পাবে। অতিরিক্ত সচিব (উন্নয়ন) ফেরির টেকনিক্যাল স্পেসিফিকেশন ও ডিজাইন নিয়ে সভায় আলোচনা করেন। তিনি বলেন, ফেরি ডিজাইনের ক্ষেত্রে বিশেষজ্ঞ মতামতের পাশাপাশি ঘাটের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিদের মতামত নেয়া প্রয়োজন। বর্ণিত ফেরি দুটিতে মিডিয়াম রেটেড ইঞ্জিন সংযোজনের কথা বলা হয়েছে। কিন্তু মিডিয়াম রেটেড ইঞ্জিন ৬ ঘন্টা পরপর বন্ধ রাখতে হয় যা ফেরি সার্ভিসের জন্য যুগোপযোগী নয়। মিডিয়াম রেটেড ইঞ্জিন এর পরিবর্তে কন্টিনিউয়াস রেটেড ইঞ্জিন সংযোজনসহ নদীর স্রোতের সাথে সামঞ্জস্য রেখে ফেরির ইঞ্জিনের আরপিএম নির্ধারণ করার বিষয়ে মতামত দেন।

২.২ উপ প্রধান বলেন, প্রকল্পটির ক্রয় পরিকল্পনায় ফেরি ক্রয়ের ক্ষেত্রে উন্মুক্ত দরপত্র পদ্ধতি (এনসিটি) বলা হয়েছে। দেশীয় সরবরাহকারীদের সাথে বিআইডব্লিউটিসি'র কয়েকটি জাহাজ/ফেরি সরবরাহের চুক্তি স্বাক্ষরিত হয়েছে। চুক্তির মেয়াদ শেষ হয়ে গেলেও জাহাজ/ফেরি সরবরাহ না করায় প্রকল্পের মেয়াদ কয়েকদফা বৃদ্ধি করতে হয়েছে। এতে সরকার আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে পাশাপশি যাত্রী সেবা বাঁধাগ্রস্ত হচ্ছে। তাই গুণগতমান বজায় রেখে দ্রুত সময়ে ফেরি ক্রয়ের ক্ষেত্রে জাতীয় পর্যায়ের পাশাপশি আন্তর্জাতিক পর্যায়ের ঠিকাদারকে বিবেচনা করা যেতে পারে। অর্থমন্ত্রণালয়ের মনিটরিং সেল এর লিকুইডিটি সার্টিফিকেট, পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র ও পরিকল্পনা কমিশনের নির্দেশনাগুলো ডিপিপিতে সংযোজনের বিষয়ে সভায় আলোচনা হয়। দেশীয় শিপ বিল্ডারদের সক্ষমতা নিয়ে আলোচনাকালে সভাপতি সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকদের শিপ ইয়ার্ড পরিদর্শন এবং অনাকাঙ্খিত বিলম্ব এড়ানোর বিষয়ে করণীয় নির্ধারণের পরামর্শ দেন। নদীমার্তৃক দেশ হওয়ায় যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে আরো অনেক ফেরি প্রয়োজন উল্লেখ করে সভাপতি বলেন, গুণগতমান বজায় রাখার স্বার্থে প্রয়োজনে বিদেশ থেকে ফেরি ক্রয় করা যেতে পারে। যথাযথ সমীক্ষা সম্পাদনের মাধ্যমে আরো দুটি ফেরি ক্রয়ের প্রয়োজনীয়তার বিষয়টি সভায় আলোচিত হয়। অর্থনৈতিকভাবে লাভজনক বিবেচিত হলে বিআইডব্লিউটিসি কর্তৃক একাধিক ফেরি ক্রয়ের প্রস্তাব প্রেরণ করতে পারে মর্মে সভাপতি মহোদয় অভিমত দেন।

০৩। সিদ্ধান্তসমূহঃ  সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়

(ক) বিআইডব্লিউটিসি'র প্রস্তাবিত "বিআইডব্লিউটিসি'র জন্য ২ টি মিডিয়াম ফেরি নির্মাণ" শীর্ষক প্রকল্পটি  জানুয়ারি, ২০১৯ থেকে  জুন, ২০২১ মেয়াদে ২৪৯৫.২৬ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নের জন্য সুপারিশ করা হলো;

(খ) ফেরি ডিজাইনের ক্ষেত্রে বিশেষজ্ঞ মতামতের পাশাপাশি ঘাটের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিদের পরামর্শ নিতে হবে;

(গ) মিডিয়াম রেটেড ইঞ্জিন এর পরিবর্তে কন্টিনিউয়াস রেটেড ইঞ্জিন সংযোজন করতে হবে;

(ঘ) গুণগতমান বজায় রেখে দ্রুত সময়ে ফেরি ক্রয়ের ক্ষেত্রে National Competitive Bidding (NCB) এর পাশাপাশি International Competitive Bidding (ICB) বিবেচনা করতে হবে;

(ঙ) ফেরির স্পেসিফিকেশন এমনভাবে করতে হবে যাতে ফেরিটি আধুনিক, মানসম্মত, টেকসই এবং আমাদের নদীনালায় চলার উপযোগী হয়;

(চ) অর্থমন্ত্রণালয়ের মনিটরিং সেল এর লিকুইডিটি সার্টিফিকেট, পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র ও পরিকল্পনা কমিশনের নির্দেশনাগুলো ডিপিপিতে সংযোজন করতে হবে এবং সংশোধিত ডিপিপি অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

(ছ) যথাযথ সমীক্ষা সম্পাদনের মাধ্যমে আরো ফেরি ক্রয়ের প্রস্তাব প্রেরণ করতে হবে।

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: আবদুস সামাদ)
সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়